# বাক্য পরিবর্তন বা বাক্যান্তর

| ১।সরল বাক্য থেকে— জটিল বাক্য | যৌগিক বাক্য |
|---|---|
| i. প্রধান বাক্য নির্ণয়। | i. দুটি সরল বাক্য গঠন। |
| ii. ক্রিয়াপদের পূর্বে অব্যয়। | ii.মাঝে সংযোজক/ বিয়োজক অব্যয়। |
| iii. অর্থানুসারে অব্যয় জোড়। (ব্যক্তি বিশেষের ক্ষেত্রে- যিনি-তিনি, যে-সে, যার-তার, যারা-তারা, বস্তুর ক্ষেত্রে- যাহা-তাহা,যা-তা, যত-তত, শর্তআরোপের ক্ষেত্রে-যদি-তবে, যেহেতু-সেহেতু, যেমন-তেমন সময়ের ক্ষেত্রে- যখন-তখন, যবে- তখন) | iii. এবং, কিন্তু, নতুবা, , ; ব্যবহার হতে পারে । |

| ২।জটিল বাক্য থেকে— সরল বাক্য | যৌগিক বাক্য |
|---|---|
| i. জোড়া অব্যয় পরিহার। | i. সাপেক্ষ অব্যয় পরিহার |
| ii. প্রথমভাগের ক্রিয়া হবে অসমাপিকা | ii. দুটি সরল বাক্য। |
| iii.অর্থানুযায়ী সংকোচন। | iii. মাঝে সংযোজক/বিয়োজক অব্যয়। |

| ৩। যৌগিক বাক্য থেকে—সরল বাক্য | জটিল বাক্য |
|---|---|
| i.সংযোজক/বিয়োজক অব্যয় পরিহার। | i. সংযোজক/বিয়োজক পরিহার |
| ii.প্রথমের সমাপিকা ক্রিয়াকে অসমাপিকা। | ii. প্রথম ও দ্বিতীয় খন্ডে জোড়া অব্যয়। |
| iii.সমাপিকা যুক্ত একটি বাক্য। | iii. একটিই বাক্য। |

তোমরা আমাকে রক্ত দাও, আমি তোমাদের স্বাধীনতা দেবো। ( যৌগিকবাক্য )

<u>যদি</u> তোমরা আমাকে রক্ত দাও <u>তবে</u> আমি তোমাদের স্বাধীনতা দেবো। ( জটিলবাক্য )

তোমরা আমাকে রক্ত দিলে আমি তোমাদের স্বাধীনতা দেবো। ( সরলবাক্য )